

পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্র ভর্তি নিয়ে জটিলতা অব্যাহত

পাবনা থেকে নির্ভর বার্তা পরিবেশক : পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রভর্তি নিয়ে চরম জটিলতা অব্যাহত আছে। ছাত্রদের নেতাদের দাবি পূরণ করতে গিয়ে মেধা তালিকা অনুযায়ী কৃতকার্যদের ৫০ জনকে বাদ দিয়ে নতুন ৫০ জনের নাম প্রকাশ করা হয়েছে। সাধারণ ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা এ ফলাফল প্রত্যাখ্যান করেছে এবং অধ্যক্ষের অপসারণ দাবি করেছে।

প্রথম দফায় প্রকাশিত ফলাফল বাতিল করে দ্বিতীয় দফায় ফল প্রকাশ করা হয়েছে গত বুধসপ্তাহে। প্রথমবারে প্রকাশিত উত্তীর্ণদের মধ্য থেকে ৫০ জনের নাম বাদ দেয়া হয়েছে। নতুন তালিকায় ৫০ জন নতুন উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর নাম রয়েছে। ছাত্রদের চাপের মুখে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নির্দেশে ইনস্টিটিউট কর্তৃপক্ষ নতুন করে খাতা মূল্যায়ন (পুনঃমূল্যায়ন) করে এ তালিকা প্রকাশ করেছে।

৫টি বিভাগের ২শ' ৬৪টি আসনের জন্য গত ৮ই সেপ্টেম্বর ১৭শ' ৭৬ জন ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় উত্তীর্ণদের ১৭ থেকে ২৪শে সেপ্টেম্বরের মধ্যে ভর্তি হওয়ার জন্য বলা

হয়। কিন্তু ছাত্রদের নেতৃবৃন্দ ওই ফলাফল প্রত্যাখ্যান করে এবং পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটে তালা বুলিয়ে দেয়। তাদের হাতে শিক্ষক ও অধ্যক্ষ লাঞ্চিত হন। এরপরই অধ্যক্ষ খাতা পুনঃমূল্যায়নের জন্য ঢাকায় যান। ঢাকা থেকে ফিরে এসে নতুন ফলাফল টাঙানো হয় নোটিশ বোর্ডে এবং সংবাদপত্রে প্রথম দফার ফলাফলও সংবাদপত্রে প্রকাশিত হয়।

ভর্তি ফরম চরা দামে বিক্রি করা হয়। ছাত্র সংসদ না থাকলেও টাকা নেয়া হয়। ছাত্ররা অভিযোগ করেছে; ছাত্রদের নেতারা ভর্তি করে দেয়ার কথা বলে জনপ্রতি ১০ থেকে ১৫ হাজার টাকা উৎকাচ নিয়েছে। অবশ্য ছাত্রদের নেতারা এ অভিযোগ অস্বীকার করেছেন।